Admissible under Rule 21 duly stamped (or exempted from or does not require Stamp duty) under the Indian Stamp Act 1899, Schedule No...... or the Bengal Stamp (Amendment) Act 1922, Schedule
J (i) --- Rs. 20/-
J (ii)--- " 1/12/-
Rs. 21/12/- Paid. 10.9.'51.

Signature: Illegible.

Fees paid under C(III)-- 8/-
Signature: Illegible.
Registering Officer.
10.9.'51.

Sd/- Gurupoda Halder.

# উইল বা চরম পত্র

লিখিতং শ্রী গুরু পদ হালদার পিতা ৺ কেনা রাম হালদার সাং ৪৭ নং হালদার পাড়া রোড, থানা ভবানীপুর, জেলা ২৪ পরগণা। জাতি ব্রাহ্মণ, পেশা জমিদারী।

কস্য উইল বা চরম পত্র মিদং কার্য্যঞ্চাগে, আমার বয়স এখন প্রায় ৭২ বৎসর এই রূপ অবস্থায় আমার বিষয়ের একটি ব্যবস্থা করিবার ইচ্ছা বশতঃ আমি আমার যাবতীয় সম্পত্তি নিম্ন লিখিত সর্ত্ত মতে এই উইল সম্পাদন করিতেছি।

১। আমার স্ত্রী শ্রীযুক্তা সুকুমারী দেবী এবং আমার ২য় পুত্র শ্রীমান অজিত কুমার হালদার এবং শ্রীমান ভারতী বিকাশ হালদার এক্ষনে বর্ত্তমান আছেন এবং আমার জ্যেষ্ঠ পুত্র ৺ বলাই চাঁদ হালদারের দুই পুত্র শ্রীমান অমিয় মাধব হালদার এবং শ্রীমান বিদ্যুৎ কুমার হালদার বর্ত্তমান আছেন।

২। আমার লোকান্তে আমার স্ত্রী শ্রীযুক্তা সুকুমারী দেবী আমার ত্যক্ত সম্পত্তিতে <u>যাবজ্জীবন</u> ভোগবতী ও দখল কারিনী থাকিবেন ও তাহার দেহান্তে আমার মধ্যম পুত্র শ্রীমান অজিত কুমার হালদার ও

ও কনিষ্ঠ পুত্র শ্রীমান ভারতী বিকাশ হালদার প্রত্যেকে আমার ত্যক্ত সম্পত্তির ১/৩ একের তিন অংশ করিয়া নির্ব্যূঢ় স্বত্ত্বে পাইবেক এবং আমার ২ দুই পৌত্র জ্যেষ্ঠ শ্রীমান অমিয় মাধব হালদার ও কনিষ্ঠ শ্রীমান বিদ্যুৎ কুমার হালদার প্রত্যেকে আমার সম্পত্তির ১/৬ একের ছয় অংশ করিয়া নির্ব্যূঢ় স্বত্ত্বে পাইবেক ।

৩। ইতঃ পূর্ব্বে আমি কোন উইল করি নাই এবং ইহাই আমার শেষ উইল আমার জীবনান্তে আমার এই উইল বলবৎ হইবে ।

৪। আমার উইলের লিগেটীগণ বিনা জামিনে এই উইলের প্রবেট গ্রহন পূর্ব্বক উইলের সর্ত্তানুসারে নিজ নিজ সত্ত্বে স্বত্ত্ববান ও দখলিকার হইবে ।

এতদর্থে সুজ্ঞানে স্ব ইচছায় সুস্থ শরীরে অন্যের বিনানুরোধে এই উইল সহি ও সম্পাদন করিলাম । আমি সাক্ষীগনের সমক্ষে সহি করিলাম এবং সাক্ষীগণও আমার সমক্ষে সহি করিলেন । ইতি সন১৩৫৮ সাল ২৪ শে ভাদ্র , ইংরাজী ১০ ই সেপ্টেম্বর ১৯৫১ সাল ।

Sd/- Gurupoda Halder.

Sd/- Gurupoda Halder.

লেখক
শ্রী হৃষিকেশ বসু
সাং ১৩ নং ভগবতী লেন
কালীঘাট ।

Witness :-

Sd/- Sudhansu Kumar Roy Chow-
Pleader, Judges' Court. (dhury.
Alipore.

Sd/- Satyendranath Majumdar,
Pleader, Judges' Court, Alipore.

Sd/- Nakuleswar Basu,
Medical Practitioner,
29, Mahim Haldar St.

Sd/- Tincowrie Chatterjee,
19/B, Sadanando Rd.

Sd/- K. C. Roy Chowdhury,
19/B, Sadanando Rd., Kaligha

Sd/- Jibon Krishna Das,
41, Kali Temple Rd., Kaligha

লিখিতং শ্রীমতী সুকুমারী দেবী স্বামী শ্রীযুক্ত গুরু পদ হালদার — জাতি ব্রাহ্মণ পেশা বিষয় ভোগী , সাকিম ৪ ৭ নং হালদার পাড়া রোড থানা ভবানীপুর সবরেজেষ্টী আলিপুর , জেলা ২৪ পরগণা ।

কস্য উইল বা চরম পত্র মিদং কার্য্যঞ্চাগে — আমি বৃদ্ধা হইয়াছি এবং আমি সময় সময় কঠিন পীড়ায় আক্রান্ত হইয়া প্রায়ই শয্যাগত থাকি এবং আমার বর্ত্তমান শারিরীক অবস্থায় আমার শরীরের স্থায়িত্ব বিষয়ে বিশেষ ভরসা নাই । আমার স্বীয় কিছু স্থাবর ও অস্থাবর সম্পত্তি আছে এবং আমার উক্ত স্ত্রীধন সম্পত্তি আমি এযাবৎ নির্বিঘ্নে একাদিক্রমে ষোল আনা রকমে নির্ব্যূঢ় স্বত্ত্বে যাবতীয় মালিকী স্বত্ত্ব পরিচালনে ভোগ দখলকারিনী আছি । আমার উক্ত স্থাবর ও অস্থাবর সম্পত্তি সম্বন্ধে আমার জীবনান্তে যে ব্যবস্থা হইবে তৎ সম্বন্ধে আমার শেষ বা চরম — উইল সম্পাদন করা একান্ত বিধেয় বিবেচনা করিয়া আমি আমার এই — চরম উইল সম্পাদন করিতেছি । বর্ত্তমানে আমার স্বামী শ্রীযুক্ত — গুরু ~~দাস~~ পদ হালদার এবং আমার দুই পুত্র শ্রী মান অজিত কুমার হালদার এবং শ্রীমান ভারতী বিকাশ হালদার জীবিত আছেন , দুর্ভাগ্য বশতঃ আমার প্রথম পুত্র বলাই চাঁদ হালদার ইংরাজী ১৯৪৭ সালে পরলোক গমন করিয়াছেন । তাঁহার দুই পুত্র অর্থাৎ আমার পৌত্র শ্রীমান অমিয় মাধব হালদার ও শ্রীমান বিদ্যুৎ কুমার হালদার জীবিত আছেন, আমি ইতিপূর্ব্বে ইংরাজী —

১০।৯।৫১ তারিখে এক উইল পত্র সম্পাদন করতঃ রেজেষ্ট্রী করি এবং উক্ত উইল আলিপুর সদর রেজেষ্ট্রী আফিসে ৩ নং বুকে ২ নম্বর ভালিউমে ২২ এবং ২৩ পৃষ্ঠায় ১৯৫১ সালের ৪৫ নম্বর দলিলস্বরূপ লিপিবদ্ধ আছে। উপরোক্ত উইল সম্পাদন এবং রেজেষ্ট্রী করিবার পর পুনরায় বিগত ইংরাজী ১৯৫৪ সালের ২০ শে মার্চ তারিখে উক্ত উইলের এক কেতা কডিসিল পত্র সম্পাদন পূর্বক রেজেষ্ট্রী করি এবং উহা আলিপুর - সদর সাবরেজেষ্ট্রী আফিসের ৩ নং বুকে ২ নং ভালিউমে ৪৮ এবং ৪৯ পৃষ্ঠায় ১৯৫৪ সালের ১৮ নম্বর দলিল রূপে লিপিবদ্ধ আছে। উপরোক্ত ১০।৯।৫১ তারিখের আমার কৃত উইল এবং ২০।৩।৫৪ তারিখের আমার কৃত কডিসিল আমার সম্পূর্ণ মনঃপূত এবং সন্তোষ জনক না হওয়ায় এবং আমার অবস্থাদির এবং অভিমতাদির পরিবর্তন ঘটায় উল্লিখিত উইল এবং কডিসিল ব্যবস্থার সম্পূর্ণ পরিবর্তন - করিয়া নূতন ব্যবস্থা করা একান্ত আবশ্যক হইয়াছে, আমার উক্ত পুত্র এবং পৌত্র গণ যাহাতে আমার অবর্তমানে পরস্পরের সহিত প্রীতি বজায় রাখিয়া নির্বিবাদে আমার ত্যক্ত সম্পত্তি ভোগ - দখল করিতে পারেন সেই উদ্দেশ্যে উক্ত ১০।৯।৫১ তারিখের - আমার কৃত উইল এবং তৎপরে আমার কৃত 20।৩।৫৪ তারিখের কডিসিল এতদ্বারা সম্পূর্ণ রূপে রিভোক (Revoke) ক্যানসেল (Cancel) অকর্মন্য এবং বাতিল করিয়া এক্ষনে পুনরায় স্থির মাস্তিষ্কে ও

স্বাধীন চিত্তে আমার স্বামী ও অন্যান্য আত্মীয় গনের সৎ পরামর্শ - গ্রহনে নিম্ন লিখিত সর্ত্তে , উক্তিতে ও মর্মে আমার এই নূতন ও শেষ উইল যথারীতি সম্পাদন করিতেছি এবং এই শেষ উইল ব্যতিত আমার কৃত কোন উইল কিংবা কডিসিল কিংবা তদনুরূপ অন্য কোন দলিল ইতিঃপূর্বে সম্পাদিত হইলেও তাহা সম্পূর্ণ এতদ্বারা রদ রহিত ও বাতিল হইল এবং অত্র উইল পত্রই আমার একমাত্র শেষ ও চরম উইল - বলিয়া আদালতে গ্রাহ্য হইবে ।

১। আমার স্বামী শ্রীযুক্ত গুরু পদ হালদার মহাশয়ের নিজস্ব সম্পত্তি আছে এবং আমার প্রদত্ত কোনও সম্পত্তি গ্রহণ করিতে তিনি অনিচ্ছুক বিধায় আমি তাঁহার ইচ্ছাক্রমে আমি অত্র উইল দ্বারা তাঁহার সম্বন্ধে কোন ব্যবস্থা করিলাম না ।

২। আমার কন্যাগণকে বহু অর্থ ব্যয়ে উপযুক্ত পাত্রে অর্পন করিয়াছি এবং তাঁহারা সকলেই সুচ্ছন্দে সংসার যাত্রা নির্বাহ করিতেছেন । আমার কন্যাগনের জন্য অত্র উইলে আমি কোনও ব্যবস্থা করা প্রয়োজন বোধ করিলাম না ।

৩। আমার স্বীয় অলঙ্কারাদি আমার ইচ্ছামত ইতঃ পূর্বে ১৯৫১ সালে উর্দ্ধযুক্ত আমার প্রথম উইল সম্পাদিত হইবার পরই আমার কন্যাগণ এবং পুত্রবধূ গণকে ভাগ করিয়া দিয়াছি এবং উক্ত অলঙ্কারাদি ষোল আনা রকমে

তাঁহাদেরই, আমার কোন দাবী দাওয়া নাই এবং উক্ত অলঙ্কারাদি আমার এষ্টেট ভুক্ত নহে কিংবা অত্র উইলের বিষয়ীভূত নহে ।

৪। আমার ভদ্রাসন বাটীস্থিত আমার যে সমস্ত অস্থাবর সম্পত্তি মায় আসবাব পত্র আছে তাহা আমি ইতিঃ পূর্বে ১৯৫১ সালে আমার প্রথম উইল সম্পাদিত হইবার পরই আমার পুত্র এবং পৌত্র গণকে সম্পূর্ণ দিয়া দিয়াছি এবং তাহাতে আমার কোনও দাবী দাওয়া নাই উক্ত অস্থাবর সম্পত্তি আমার এষ্টেট ভুক্ত নহে এবং অত্র উইলের - বিষয়ীভূত নহে ।

৫। অত্র উইলের বিধান সমূহ আমার জীবনান্তে কার্যকরী এবং বলবৎ হইবে ।

৬। আমার পুত্র শ্রীমান অজিত কুমার হালদার নিম্নের ক তপশীল বর্ণিত সম্পত্তি নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবেন । আমার পুত্র শ্রীমান ভারতী বিকাশ হালদার নিম্নের খ তপশীল বর্ণিত সম্পত্তি নির্ব্যূঢ় সত্ত্বে প্রাপ্ত হইবেন । আমার পৌত্র শ্রীমান অমিয় মাধব হালদার - নিম্নের গ তপশীল বর্ণিত সম্পত্তি নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবেন । শ্রী অজিত কুমার হালদার , শ্রী ভারতী বিকাশ হালদার ও শ্রী অমিয় মাধব হালদার অত্র উইলের দ্বারা বিভিন্ন তপশীলে বর্ণিত তাঁহাদের প্রাপ্ত সম্পত্তি প্রয়োজন মত দান বিক্রয়াদি সর্ব প্রকার হস্তান্তর করিতে পারিবেন তাহাতে কেহ কোনও ওজর আপত্তি করিতে পারিবেন না ।

এবং করিলেও তাহা সর্ব্বতো ভাবে বাতিল নামঞ্জুর ও অগ্রাহ্য হইবে।

৭। আমার পৌত্র শ্রীমান বিদ্যুৎ কুমার হালদার যাঁহার বর্ত্তমান বয়স প্রায় ২৪ বৎসর হইতেছে, অপরিপক্ক বুদ্ধি বশতঃ অবাঞ্ছিত সঙ্গ দ্বারা প্রভাবান্বিত হইয়াছেন, তাঁহার ভবিষ্যতের জন্য আমি সর্বদাই দুশ্চিন্তায় থাকি, তাঁহার মঙ্গলের জন্য এবং হিতার্থে এবং যাহাতে তিনি অবাঞ্ছিত সঙ্গী দ্বারা প্রভাবান্বিত কিংবা পরিচালিত হইয়া বিষয় সম্পত্তি অপচয় কিংবা নষ্ট না করেন তজ্জন্য আমি এই বিধান করিতেছি যে তিনি নিম্নের ঘ তপশীল বর্ণিত সম্পত্তি মাত্র ভোগ দখল করিতে পারিবেন কিন্তু উহাতে তাঁহার দান বিক্রয় কিংবা দায়াবদ্ধ ইত্যাদি কোন প্রকারের হস্তান্তরের অধিকার তাহার ৪০ বৎসর বয়ঃক্রম পর্য্যন্ত থাকিবে না এবং রহিল না। উক্ত শ্রী বিদ্যুৎ কুমারের ৪০ বৎসর বয়ঃক্রম পূর্ণ হইলে তিনি উক্ত ঘ তপশীলের ৪র্থ দফার বর্ণিত সম্পত্তি ব্যতীত অন্যান্য সম্পত্তি সর্ব্ব প্রকার দান বিক্রয়াদি অধিকার যুক্ত নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবেন। ঈশ্বর না করুন, যদি শ্রীমান বিদ্যুৎ কুমার তাহার ৪০ বৎসর বয়স পূর্ণ হইবার পূর্বেই পরলোক গমন করেন তাহা হইলে উল্লিখিত সম্পত্তি তাঁহার তদানীন্তন আইনতঃ ওয়ারেস গণ নির্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবেন। আমার উক্ত পৌত্র — — —

শ্রীমান বিদ্যুৎ কুমার উপস্থিত অবিবাহিত রহিয়াছেন। কিছুদিন যাবৎ তাঁহার অসবর্ণ বিবাহের প্রতি বিশেষ প্রবণতা ও উৎসাহ লক্ষ্য করিতেছি। তিনি যদি নিজে এইরূপ বিবাহ করেন তাহা হইলে আমার কিছু বলিবার নাই কিন্তু শ্রী শ্রী ৺ কালী মাতার সেবাধিকার লাভ করিতে হইলে শাস্ত্র ও সমাজ বিধান অনুসারে জীবন যাপন করা প্রয়োজন। হালদার সমাজের শীর্ষ স্থানীয় আমার পূজ্যপাদ শ্বশুর - মহাশয় ৺ কিনু রাম হালদার এবং আমার পরম পূজনীয় স্বামী - শ্রী যুক্ত গুরু পদ হালদার এবং শ্রীমান বিদ্যুৎ কুমারের পরলোক গত পিতা এবং শ্রীমান বিদ্যুৎ কুমারের খুল্লতাত গণ সকলেই শাস্ত্র ও সমাজ অনুমোদিত বিধান অনুসারে বিবাহাদির দ্বারা স্বধর্মনিষ্ঠ জীবন যাপন করিয়াছেন এবং করিতেছেন এবং ঐ ভাবে জীবন যাপন করিয়া তাঁহারা দেবী পূজার অধিকার রক্ষা করিয়া আসিয়াছেন ও করিতেছেন এমতাবস্থায় - শাস্ত্র এবং সমাজের বিধান অনুসারে উপরোক্ত পূজনীয় ব্যক্তি গনের ন্যায় শ্রীমান বিদ্যুৎ কুমার যদি তাঁহার ৪০ বৎসর বয়ক্রম পূর্ণ হইবার পূর্ব্বে বিবাহ করিয়া উপরোক্ত মতে স্বধর্ম নিষ্ঠ জীবন যাপন করেন তাহা হইলে নিম্ন ঘ তপশীল বর্ণিত ৪র্থ দফায় যে দুইটি শ্রী শ্রী ৺ কালী মাতা ঠাকুরানীর পালা উল্লিখিত হইয়াছে তাহাও নির্ব্যূঢ় স্বত্ত্বে প্রাপ্ত হইবেন। অন্যথায় উক্ত ঘ তপশীলের ৪র্থ দফা উল্লিখিত সম্পত্তি হইতে চিরতরে বঞ্চিত হইবেন এবং

উক্ত পালাদ্বয় - - -

অত্র উইলে পরে উল্লিখিত ট্রাষ্ট এষ্টেটের অন্তর্ভুক্ত হইবে। ~~উক্ত বিদ্যুৎ কুমার হালদার যতদিন পর্য্যন্ত অত্র উইলের পরে উল্লিখিত - ট্রাষ্ট এষ্টেটের অন্তর্ভুক্ত হইবে~~। উক্ত বিদ্যুৎ কুমার হালদার যতদিন পর্য্যন্ত অবিবাহিত থাকিবেন ততদিন উক্ত পালাদ্বয়ের মাত্র উপস্বত্ব প্রাপ্ত হইবেন। আমার অন্যান্য উত্তরাধিকারীরা সকলেই শাস্ত্র ও সমাজ সম্মত এবং আমার পরিবার ও হালদার গোষ্টি অনুমোদিত বিবাহে আবদ্ধ - এবং সন্তানাদির পিতা, সচ্চরিত্র এবং স্থির বুদ্ধি সেইজন্য তাঁহাদের - সম্বন্ধে এইরূপ নির্দ্দেশ দিবার কোন প্রয়োজন বোধ করিলাম না।

৮। নিম্ন উ তপশীল বর্ণিত কালী ঘাটের শ্রী শ্রী কালী মাতা ঠাকুরানীর দুইটি পালা যাহা আমি তুলসী চরণ বন্দোপাধ্যায়ের নিকট হইতে খরিদ করিয়া স্বত্ব দখল প্রাপ্ত হইয়াছি ও ভোগ দখল - করিতেছি। তাহা এক বৎসর অন্তর প্রাপ্য হয়। উক্ত পালা দুইটিতে আমার ভাগিনেয় শ্রীমান ধ্রুব বন্দ্যোপাধ্যায়ের পত্নী শ্রীমতী পূর্ণিমা - দেবী জীবন স্বত্ব এবং তাহার জীবনান্তে তাঁহার পুত্র গণ নির্ব্ব্যূঢ় স্বত্বে প্রাপ্ত হইবেন।

৯। লয়েডস ব্যাঙ্ক লিমিটেডের কলিকাতার অন্তর্গত চৌরঙ্গী - রোডাস্থিত ব্রাঞ্চ অফিসে আমার এবং আমার স্বামী শ্রী যুক্ত গুরু পদ হালদার মহাশয়ের এই উভয় বা যুগ্ম নামে ১৮১৫ নম্বর একটি কারেন্ট একাউন্ট আছে এবং কয়েকটি জয়েন্ট ষ্টক কোম্পানীর খরিদা শেয়ার উক্ত ব্যাঙ্কে সিকিউরিটি ডিপার্টমেন্টের হেপাজাতে আমার - নামে জমা আছে। উক্ত - - -

উক্ত সমস্ত টাকা এবং ব্যাঙ্কের ডেপাজিতে রক্ষিত সমুদয় শেয়ার গুলি - আমার একান্তেক নিজস্ব সম্পত্তি হইতেছে। আমি স্ত্রীলোক বিধায় - মাত্র বৈষয়িক কার্য্যের সুবিধার জন্য আমার এবং আমার - স্বামীর উভয়ের নামে উক্ত ভাবে একাউন্ট খোলা হয়। উক্ত একাউন্টের সমস্ত টাকা এবং উক্ত ব্যাঙ্কের সিকিউরিটি ডিপার্টমেন্ট রক্ষিত - সমুদায় শেয়ার গুলি আমার জীবনান্তে আমার এষ্টেট ভুক্ত হইবে - এবং আমার স্বামী উক্ত টাকা এবং শেয়ার আমার নিযুক্ত একজিকিউটার গনের নামে ট্রান্সফার করিয়া দিবেন। আমার নিকট আরও কোনও নগদ টাকা নাই, আমার নগদ টাকা সমস্তই লয়েডস ব্যাঙ্কের - ১৮১৫ নং কারেন্ট একাউন্টে জমা আছে।

১০। আমি এতদ্বারা আরও প্রকাশ করিতেছি যে আমার জীবনান্তে আমারএষ্টেটের দরুণ গভর্ণমেন্টের প্রাপ্য এষ্টেট ডিউটি দিবার জন্য- আমি আলাহিদা ৫০,০০০৲ টাকা পঞ্চাশ হাজার টাকা উপরোক্ত - লয়েডস ব্যাঙ্ক লিমিটেডের কলিকাতা চৌরঙ্গি স্থিত আফিসে ফিকসড ডিপোজিটে রাখিয়াছি। আমার একজিকিউটার গণ উক্ত ফিকসড - ডিপোজিটের টাকা হইতে গভর্ণমেন্ট কে এষ্টেট ডিউটি দিবেন এবং যদি কোন কারণে উহাতে সমস্ত এষ্টেট ডিউটি বহন করা সঙ্কুলান সঙ্কুলান না হয় তাহা হইলে - ঐ ব্যাঙ্কস্থিত উপরোক্ত ৯ দফা বর্ণিত টাকা কিংবা শেয়ার বিক্রয় করিয়া - - -

টাকা সংগ্রহ করিবেন ।

১১। আমার জীবনান্তে আমার ত্যক্ত নগদ টাকা হইতে আমার শ্রাদ্ধাদি সম্পন্ন হইবে এবং বাকি টাকা ও জয়েন্ট ষ্টক কোম্পানীর শেয়ার গুলি বিল্লের ১৬ দফা বর্ণিত নিয়ম অনুসারে আমার উত্তরাধিকারী- পুত্রদ্বয় ও পৌত্র দ্বয় ভাগ করিয়া লইবেন ।

১২। এই উইলের বিধান অনুসারে সমস্ত কার্য্য করিবার - জন্য আমার পুত্র শ্রীমান অজিত কুমার হালদার শ্রীমান ভারতী- বিকাশ হালদার আমার পৌত্র শ্রীমান অমিয় মাধব হালদার এবং আমার পৌত্র শ্রীমান বিদ্যুৎ কুমার হালদার এই চারি জনকেআমি- এতদ্দ্বারা আমার এষ্টেটের একজিকিউটার নিযুক্ত করিলাম । তাঁহারা- চারি জনে একত্রে কিংবা তাহাদের মধ্যে যদি একজন বা দুইজন একজিকিউটারের গুরুতর দায়িত্ব বহন করিতে অনিচ্ছুক হন তাহা - হইলে তাঁহাকে বাদ দিয়া অপর তিন জন বা দুই জন কিংবা - আমার নিযুক্ত চারি জন একজিকিউটার গনের মধ্যে যে কেহ - একজন বিনা জামিনে আমার এষ্টেটের ব্যয়ে আমার এই উইলের- প্রবেট গ্রহণ করিতে পারিবেন । আমার একান্ত অনুরোধ যে - আমার জীবনান্তে আমার একজিকিউটার গণ যখন উপযুক্ত আদালতে অত্র উইলের - - - -

প্রবেট গ্রহণের জন্য দরখাস্ত করিবেন, জজ বাহাদুর তাঁহাদের নিকটে কোন জামিন তলব বা গ্রহণ না করিয়া বিনা জামিনে [illegible] যেন প্রবেট প্রদান করেন। আমার একজিকিউটার গণ আমার ত্যক্ত এষ্টেটের রক্ষণা বেক্ষণ ও আমার পাওনা টাকা আদি আদায় করিবেন এবং আমার - লিগেটি গনের এই উইল অনুসারে প্রাপ্য সম্পত্তি তাঁহাদের তলব মত - পৃথক করিয়া দিবেন।

১৩। উল্লিখিত ক, খ, গ, ঘ এবং ঙ তপশীল বর্ণিত সম্পত্তি ব্যতিত আমার কতক গুলি স্থাবর ও অস্থাবর সম্পত্তি নিম্ন চ তপশীলে বিশেষ ভাবে বর্ণিত হইল। উক্ত চ তপশীল বর্ণিত সম্পত্তি নিম্ন তালিকা লিখিত উদ্দেশ্য কার্য্যকরী করিবার জন্য এবং নির্দ্দিষ্ট - কার্য্যাদি সুষ্ঠু ভাবে চালাইবার জন্য মাত্র ট্রাষ্ট স্বরূপে আমার - পুত্রদ্বয় ও পৌত্র দ্বয় একজিকিউটার ট্রাষ্টি রূপে দখল করিবেন এবং উক্ত সম্পত্তিতে তাহাদের কোন নিজস্ব অধিকার থাকিবে না এবং আমার উক্ত চারি জন একজিকিউটার ট্রাষ্টি গণ উক্ত সম্পত্তি কাহারণ - কালে হস্তান্তর বা দায়াবদ্ধ করিতে পারিবেন না।

Void

*

।ক। নিম্ন চ তপশীল ভুক্ত আমার ভদ্রাসন ৪৭ নং হালদার - পাড়া রোডাস্থিত বাটিতে পাঁচটি শিবলিঙ্গ প্রতিষ্ঠিত আছে এবং তাহাদের সেবা পূজা নিত্য নিয়মিত ভাবে সম্পন্ন হইয়া আসিতেছে। উক্ত বিগ্রহাদির - - - -

সেবা পূজা কার্য্যের সমস্ত ব্যয় নিম্ন চ তপশীল বর্ণিত সম্পত্তির আয় হইতে নির্ব্বাহ হইবে।

খ। আমার পারমার্থিক কল্যানের জন্য আমার বাৎসরিক শ্রাদ্ধ আমার একজিকিউটার ট্রাষ্টিগণ বৎসর বৎসর নিম্ন চ তপশীল বর্ণিত সম্পত্তির আয় হইতে নির্বাহ করিবেন। আমার বাৎসরিক শ্রাদ্ধের জন্য আমার ট্রাষ্টি গণ বাৎসরিক ১০০্ টাকার অধিক খরচ করিতে পারিবেন না।

গ। বৎসরে অন্ততঃ দ্বাদশ জন ১২ জন দরিদ্র নারায়ণ দিগকে শীতকালে কম্বল বিতরণ করিবেন, উক্ত বাবদ খরচা নিম্ন চ তপশীল বর্ণিত সম্পত্তি হইতে চলিবে।

ঘ। উপরোক্ত ক হইতে গ দফা বর্ণিত কার্য্যাদির ব্যয় এবং চ তপশীল বর্ণিত সম্পত্তি রক্ষা বেক্ষণ ব্যয় নির্বাহ করিয়া যে টাকা উদ্বৃত্ত থাকিবে তাহাও ট্রাষ্ট ভুক্ত সম্পত্তি হইবে এবং তাহা আমার ট্রাষ্টি গণ নিরাপত্তার জন্য গভর্ণমেন্ট সিকিউরিটি খরিদ করতঃ রাখিবেন।

ঙ। ট্রাষ্ট সম্পত্তির উদ্বৃত্ত আয় বা মুনাফা হইতে ট্রাষ্টি গণ আয়কর সম্পত্তি ট্রাষ্টের নামে এবং স্বত্বার্থে খরিদ করিতে পারিবেন।

চ। নিম্ন চ তপশীল বর্ণিত সম্পত্তির কিংবা ট্রাষ্ট কর্ত্তৃক ভবিষ্যতে অর্জিত স্থাবর সম্পত্তির আয় মাসিক ২০০০্ টাকা হইলে ট্রাষ্টি গণ

জেলা ২৪ পরগণার অন্তর্গত যাদবপুরাস্থিত যক্ষ্মা হাসপাতালে একটি - ফ্রি বেড করিয়া দিবেন এবং উহা মেনটেন করিতে যাহা ব্যয় হয় - তাহাও বহন করিবেন।

ছ। লিপির চ তপশীল বর্ণিত ৪৭ নম্বর হালদার পাড়া - রোডাস্থিত বাটিতে আমার স্বামী আজীবন বিনা খাজনায় বসবাস- করিতে পারিবেন।

জ। আমার একজিকিউটার ট্রাষ্টি গণ এবং তাঁহাদের উত্তরাধিকারী গণ আমার উক্ত ভদ্রাসন ৪৭ নম্বর হালদার পাড়া রোডাস্থিত বাটিতে বিনা খাজনায় বাস করিতে পারিবেন।

ঝ। আমার পৌত্র শ্রীমান বিদ্যুৎ কুমার হালদার আমার উক্ত - ভদ্রাসন বাটিতে ওয়ারিসান ক্রমে বিনা খাজনায় বসবাস করিতে - পারিবেন কিন্তু শ্রীমান বিদ্যুৎ কুমার উপরে ৭ দফায় বর্ণিত ও উল্লিখিত ভাবে শাস্ত্র সঙ্গত ও আমাদের হালদার গোষ্ঠী সমাজের অনুসৃত - প্রথানুযায়ী বিবাহদাদি করতঃ জীবন যাপন না করিলে - উক্ত ভদ্রাসন বাটিতে তিনি বা তাঁহার পরিবার বর্গ ও তাহার বংশধর গণ বসবাস করিতে পারিবেন না।

১৪। আমার দেহাবসানের পর উপরোক্ত ট্রাষ্টের কার্য্য - নির্বাহের জন্য এবং ট্রাষ্ট এষ্টেট রক্ষা বেক্ষনের জন্য প্রথম বৎসর - আমার পুত্র শ্রীমান - - -

অজিত কুমার হালদার যিনি অত্র উইলের একজন একজিকিউটার এবং তাঁহার অভাবে তাঁহার ওয়ারেসগণ এবং দ্বিতীয় বৎসর আমার অন্য পুত্র শ্রীমান ভারতী বিকাশ হালদার যিনি অত্র উইলের একজিকিউটার এবং তাঁহার অভাবে তাঁহার ওয়ারেশগণ এবং তৃতীয় বৎসর প্রথমার্দ্ধে আমার পৌত্র শ্রীমান অমিয় মাধব হালদার যিনি অত্র উইলের একজিকিউটার তাঁহার অভাবে তাঁহার ওয়ারেশনগণ এবং তৃতীয় বৎসরের শেষার্দ্ধে আমার পৌত্র শ্রীমান বিদ্যুৎ কুমার হালদার যিনি অত্র উইলের একজিকিউটার এবং তাঁহার অভাবে তাঁহার ওয়ারেসনগণ কে আমি ট্রাষ্টী নিযুক্ত করিলাম এবং এই প্রকার চক্রবৎ গতিতে আমার উপযুক্ত পুত্র পৌত্রাদি গণ বা তাঁহাদের উত্তরাধিকারীগণ ট্রাষ্টি থাকিবেন। কিন্তু আমার পৌত্র শ্রীমান বিদ্যুৎ কুমার হালদার যদি আমার ইচ্ছার বিরুদ্ধে অসবর্ণ বিবাহ করেন তাহা হইলে তিনি ট্রাষ্টি পদ হইতে বিচ্যুত হইবেন এবং তাহার স্থলে আমার পৌত্র শ্রীমান অমিয় মাধব হালদার তৃতীয় বৎসরের শেষার্দ্ধেও ট্রাষ্টি রূপে কার্য্য সম্পাদন করিবেন।

আমি এতদ্বারা আরও নির্দ্দেশ দিতেছি যে ট্রাষ্ট কার্য্য নির্বাহের দায়িত্ব এবং কর্মভার এই উইলের বিধানানুযায়ী যখন যে ট্রাষ্টি কিংবা ট্রাষ্টি গণের উপর ন্যস্ত হইবে তাঁহারা যেন অপর ট্রাষ্টি গণ কে –

উপেক্ষা না করিয়া বরঞ্চ তাঁহাদের সহিত পরামর্শ ও আলোচনা-করিয়াই সমস্ত কার্য্য নির্বাহ করিবেন এবং যতদিন আমার পুত্র দ্বয় - শ্রী অজিত কুমার হালদার এবং শ্রী ভারতী বিকাশ হালদার জীবিত - থাকিবেন ততদিন তাঁহাদের মধ্যে কাহারও অসম্মতিতে কিংবা - বিনা অনুমতিতে ট্রাষ্ট সংক্রান্ত কোন গুরুতর বিষয় যেমন ট্রাষ্টের উদ্বৃত্ত আয় হইতে কোন আয়কর সম্পত্তি খরিদ কিংবা উক্ত উদ্বৃত্ত আয় কি ভাবে ইনভেষ্ট করিতে হইবে ইত্যাদি করিতে পারিবেন - না।

১৬। আমার দেহাবসানের পর অত্র উইলের বহির্ভূত আমার - আরও কোন স্বত্ব দখলি সম্পত্তি ত্যক্ত থাকা প্রকাশ পাইলে তৎ সমূহের - বিলি ব্যবস্থার সর্ত্তাদি নিম্নোক্ত মতে এই উইল পত্রে বিশেষ ভাবে সন্নিবেশিত করা হইল।

শ্রীমান অজিত কুমার হালদার ও শ্রীমান ভারতী বিকাশ হালদার - প্রত্যেকে আমার দেহান্তে নিব্যূঢ় সত্ত্বে উইল বহির্ভূত আমার সম্পত্তির এক তৃতীয়াংশ হিসাবে পাইবেন। বাকি এক তৃতীয়াংশ সম্পত্তির অর্দ্ধাংশ অর্থাৎ উইল পত্রের বহির্ভূত মোট সম্পত্তির এক ষষ্ঠাংশ আমার পৌত্র শ্রীমান অমিয় মাধব হালদার নিব্যূঢ় সত্ত্বে প্রাপ্ত হইবেন, আমার অপর পৌত্র শ্রীমান বিদ্যুৎ কুমার হালদার অত্র উইলের ৭ দফা -

লিখিত সর্ত মোতাবেক এবং বিধানুযায়ী অবশিষ্ট সম্পত্তি - অর্থাৎ উইল বহির্ভূত সম্পত্তির এক ষষ্ঠাংশ প্রাপ্ত হইবেন ।

এতদর্থে সুস্থ শরীরে স্বচ্ছন্দ চিত্তে সরল মনে স্বেচ্ছায় সজ্ঞানে সমস্ত হিতাহিত কর্তব্য বুদ্ধি পরিচালনে স্থির মস্তিষ্কে সমস্ত বিষয় - অনুধাবন পূর্বক সম্যক পূর্বাপর বিবেচনাদি করিয়া আমার পূর্ব্ব কৃত - উইল কডিসল কিংবা অন্যান্য তদনুরূপ দলিলাদি সমস্তই ক্যানসেল করতঃ আমার এই শেষ উইল যথারীতি সাক্ষী গনের সমক্ষে রীতিমত - নিজ নাম দস্তখত করতঃ সম্পাদন করিলাম । ইতি সন ১৩৬২ সাল ১৭ ই মাঘ ইংরাজী ১৯৫৬ সাল ৩১ শে জানুয়ারী ।

ক তপশীল

Ajit

১। ৩৪ নং সদানন্দ রোড কালীঘাট জমির পরিমান ।২।।/৪২ কমবেশ সাত কাঠা নয় ছটাক বিয়াল্লিশ স্কোয়ার ফুট ।

২। ৪৮ নং কালী টেম্পল রোড কালীঘাট জমির - পরিমান কমবেশী ।।১৮৵৩৪ এগার কাঠা চৌদ্দ ছটাক চৌত্রিশ স্কোয়ার ফুট ।

৩। ৩৯ নং তরিশ চাটার্জি স্ট্রীট কালীঘাট জমির পরিমান কমবেশী ৮৩৮ ২৫ আঠার কাঠা বার ছটাক পঁচিশ স্কোয়ার ফিট ।

৪। ১০।১ নম্বর সুলতান আলম রোডস্থিত ৵১।।০ দেড় - কাঠা জমির উপর পিতল বাটি ।

৫। শ্রী শ্রী ৺ কালী মাতা ঠাকুরানীর বার্ষিক ৩টি নিজ

ঐ ১টি সাজা

ঐ ১টি হুড়ে সাজা

খ তপশীল Bharati Bikash

১। ৩২ এ , ৩২বি, ৩২সি ও ৩২ ডি হালদার পাড়া রোড কালিঘাট -

জমির পরিমান কমবেশী ৩২ এ ।১৵২০

৩২বি ।০।।৴৩০

৩২সি ।০।।৵১০

৩২ডি ৴৪।।৶২৫

১ ৴২৴৩০

২। ২৪ ও ২৬ সদানন্দ রোড কালিঘাট -

জমির পরিমান কমবেশী ২৪ নম্বর ৴ ৪।।৶২০

২৬ নম্বর ৴১৸৵২৯

।১।।৵৪

৩। ২৫৮, ২৭৮, ২৮০, ২৮৬ , ২৯২, ৩০৮ নং কালীঘাট রোড কালীঘাট -

জমির পরিমান কমবেশী ২৫৮ নং ৴।২২

২৭৮ ৴।৵২২

২৮০ ৴৸৴১৪

২৮৬নং ।১।।/২৩

২৯২ নং /১১/২২

৩০৮ নং /২৭/২০

।।২ ৴ ৩৩

৪। পুঞ্জ সাহাপুরস্থিত জমিজমার পরিমান কমবেশী
সি এস দাগ নং ৬০২

১৭১৭৪ এক বিঘা ষোল -
কাঠা বার ছটাক চারি স্কোয়ার ফিট

৫। জ্যোতিশ রায় রোড সাহাপুর কমবেশী ১/০ এক বিঘা পুষ্করিনী ।

৬। শ্রী শ্রী ৺কালী মাতা ঠাকুরানীর ৺বিশ্বম্ভী দেবীর দরুন বার্ষিক ৩টি পালা

ঐ ঐ

বার্ষিক ১টি সাজাপালা
২টি হুড়ে সাজাপালা

গ তপশীল (Amiya Mazhar)

১। ৫১ নং কালী টেম্পল রোড কালীঘাট ।

জমির পরিমান কমবেশী ।০।।৯ পাঁচ কাঠা আট ছটাক নয় স্কোয়ার ফিট

২। ৪৯।১ নং হালদার পাড়া রোড কালীঘাট পাকা বাড়ী-
ত্রিতল জমির পরিমান কমবেশী ।০।১৫ পাঁচ কাঠা চার ছটাক পনের স্কোয়ার ফিট ।

৩। ৪৮।৩ নং হালদার পাড়া রোড, কালীঘাট জমির পরিমান কমবেশী -
৭০৩৭ পনের কাঠা সাতাত্রিশ স্কোয়ারফিট ।

৪ । শ্রী শ্রী ৺কালী মাতা ঠাকুরানীর বার্ষিক ২টি পালা দরুন ছোট গিন্নী।

ঘ তপশীল (Bidyut)

১। ৫৩ নং কালী টেম্পল রোড, কালীঘাট জমির পরিমান কমবেশী ।০৮/১০ পাঁচ কাঠা তের ছটাক দশ স্কোয়ার ফিট ।

২। ৪৯ নং হালদার পাড়া রোড কালীঘাট দ্বিতল বাটী জমির পরিমান কমবেশী /৩।।১৬ তিন কাঠা আট ছটাক ষোল স্কোয়ার ফিট ।

৩। ৪৮ বি হালদার পাড়া রোড কালিঘাট জমির পরিমান ।০।৩৮ পাঁচ কাঠা চারি ছটাক আটত্রিশ স্কোয়ার ফুট ।

x ৪। শ্রী শ্রী ৺ কালী মাতা ঠাকুরানীর বার্ষিক ১টি পালা দরুন ছোট গিন্নী।
ঐ বার্ষিক ১টি পালা দরুন হেতু হালদার -

ঙ তপশীল

১। শ্রী শ্রী ৺ কালী মাতা ঠাকুরানীর ২টি পাকা যাহা ৺ তুলসী বন্দোপাধ্যায় নিকট হইতে খরিদ করা হয় । ঐ দুইটি পালা এক বৎসর অন্তর হইয়া থাকে ।

চ তপশীল (Tran

১। ৪৭ নং হালদার পাড়া রোড
কালীঘাট -
পাকা ত্রিতল বাটী ।

জমির পরিমান কমবেশী ১/২৸৵

এক বিঘা দুই কাঠা দশ ছটাক।

২। ৪৮।১ নং হালদার পাড়া রোড

জমির পরিমান কমবেশী /৩ , ৪৪ তিন কাঠা চুয়াল্লিশ -

স্কোয়ার ফিট -

৩। ১৩ নং ভগবতী লেন, কালিঘাট পাকা দ্বিতল

বাটি জমির পরিমান কমবেশী /২৮৶৩৮ দুই কাঠা

পনের ছটাক ৩৮ স্কোয়ার ফিট।

৪। শ্রী শ্রী ৺ কালী মাতা ঠাকুরানী ৬ বৎসর অন্তর ১টি পালা দরুন মেজু হালদার-

ঐ দরুন ছোট গিন্নীর দরুন ১টি

বার্ষিক সাজা পালা -

ঐ দরুন ১টি বার্ষিক হুড়ে সাজাপালা।

এস ডি - সুকুমারী দেবী-

উইল কর্ত্রী অত্র উইলের মর্ম

সবিশেষ অবগত হইয়া স্বেচ্ছায়

আমাদের সমক্ষে এই তাঁহার -

শেষ উইল নিজ নাম দস্তখত করতঃ সম্পাদন করিলেন এবং আমরা ও তাহার অনুরোধ - মতে তাঁহার ও পরস্পরের - সমক্ষে তৎকালে এই উইলের সাক্ষী হইয়া নিজ নিজ নাম- দস্তখত করিলাম ।

Read over and explained by me and attested.
Sd/- Nrisinha chandra Basu,
Pleadrv, Judges' Court, Alipore

Sd/- Nakuleswar Basu, M.B.
29, Mahim Haldar St., Calcutta, 26

Sd/- Jibon Krishna Das,
41, Kali Temple Rd., Calcutta-26

Sd/- Kumaresh Roychowdhury,
19/B, Sadananda Rd., Calcutta-26

Sd/- Hrishikesh Bose,
13, Bhagabati Lane, Calcutta-26

Presented for registration at 4/15 P.M. on the 7th day of February, 1956, by Sukumari Debi, Testa at her private residence.
Sd/- Illegible.
Sub-Registrar, Alipore, Sadar. 7.2.

Execution is admitted by Sukumari Debi, wife of Gurupoda Halder of 47, Haldarpara Road, Thana Bhowanipore, Dist. 24-Pargana by caste Brahmin, by occupation Land-hold

Identified by me, Hrishikesh Bose, son of late Harokali Bose of the same place, by caste Kayastha, by occupation service-holder.
Sd/- Illegible.
Sub-Registrar, Sadar Alipore.
7-2-56.

Registered in Book No. III.
Volume No.------ I.
Pages ---------- 70 to 80.
Being No.------- II.
In the year ---- 1956.
Sd/- Illegible.
Sub-Registrar, Sadar Alipor
7.2.'56.

টাইপ কারক
এস ডি অমিয় কুমার দে
৭ জি এস আর দাস রোড
কলিকাতা - ২৬